

## বেসরকারি মাধ্যমিক শিক্ষকদের চাকরি জাতীয়করণের দাবিতে কর্মসূচি ঘোষণা

### ■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীরা চাকরি জাতীয়করণের দাবিতে কর্মসূচি ঘোষণা করেছেন। কর্মসূচির অংশ হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, শিক্ষায়ন্ত্রী ও সংশ্লিষ্ট সংসদীয় কমিটির সভাপতিকে স্মারকসিপি প্রদান ও কাসোব্যাঞ্জ ধারণ করা হবে।

রবিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে কর্মসূচি ঘোষণা করা হয়। সম্মেলনে শিক্ষক সমিতির মহাসচিব মো. ইয়াদ আলী খান বলেন, বর্তমানে শিক্ষকরা যে বেতন পাচ্ছেন তা একেবারেই অপ্রতুল। এ বেতনে কোনোভাবেই একজন শিক্ষকের পবিবারের খরচ চালানো সম্ভব নয়। তিনি অভিযোগ করেন, বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকরা দীর্ঘদিন ধরে নানাভাবে বৈষম্যের শিকার।

সংগঠনটির ঘোষিত কর্মসূচির মধ্যে রয়েছে ৯ থেকে ১২ জুলাইয়ের মধ্যে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কাছে স্মারকসিপি প্রদান, ১৪ থেকে ১৭ জুলাইয়ের মধ্যে শিক্ষায়ন্ত্রী ও সংশ্লিষ্ট সংসদীয় কমিটির সভাপতিকে স্মারকসিপি দেয়া ও ১৯ জুলাই কাসো ব্যাঞ্জ ধারণ। ইমূল ফিতরের আগে শিক্ষকদের দাবি বাস্তবায়ন না হলে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানান শিক্ষক নেতারা। সম্মেলনে শিক্ষক সমিতির সভাপতি এমএম আলী আশরাফ কবির, সিনিয়র সহ-সভাপতি সৈয়দ জুলফিকার আলম চৌধুরী, মমতাজ খানম ও একেএম আবুল কাশার প্রমুখ উপস্থিত ছিলেন।